

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬.২৩.২১৬.২৬.৯২

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩৩  
২৬ ফেব্রুয়ারি ২০২৬


বিজ্ঞপ্তি

জাতীয় যুব পুরস্কার ২০২৬ প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী আগ্রহী সফল আত্মকর্মী এবং যুব সংগঠকদের নিকট থেকে জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২৬ অনুসরণ করে নির্ধারিত আবেদন ছকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

জাতীয় যুব পুরস্কার সংশ্লিষ্ট তথ্যাদি

ক্রমিক নং	পুরস্কার/ ক্যাটাগরির নাম	পুরস্কারের সংখ্যা	পুরস্কারের ধরণ (প্রতিটির ক্ষেত্রে)
১।	সফল আত্মকর্মী পুরস্কার	জাতীয় পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীর জন্য -০৩(তিন)টি, তন্মধ্যে কমপক্ষে ০১ (এক) জন হবেন নারী; প্রতি বিভাগ হতে ০১(এক) টি করে ০৮ (আট) টি; ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ০১ (এক) টি, ট্রান্সজেন্ডার ০১ (এক)টি, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক ০১ (এক)টি সর্বমোট ১৪ (চৌদ্দ) টি পুরস্কার।	জাতীয় পর্যায়ে ১ম পুরস্কার ২.০ লক্ষ টাকা; ২য় পুরস্কার ১.৫০ লক্ষ টাকা; ৩য় পুরস্কার ১.২৫ লক্ষ টাকা;
২।	যুব সংগঠক পুরস্কার	জাতীয় পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীর জন্য -০৩ (তিন) টি, তন্মধ্যে কমপক্ষে ০১ (এক) জন হবেন নারী; ট্রান্সজেন্ডার ০১(এক)টি, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক ০১ (এক) টি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ০১ (এক) টি, সর্বমোট ০৬ (ছয়)টি পুরস্কার।	বিভাগীয় পর্যায়ে পুরস্কার ১.০০ লক্ষ টাকা; চেক ফ্রেস্ট ও সনদপত্র।

- ০২। আবেদনের শর্তাবলী
- (ক) জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২৬ যথাযথ অনুসরণ করে নির্ধারিত আবেদন ফরম-এ করতে হবে। জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২৬ এবং আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে [www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd) —এ পাওয়া যাবে;
- (খ) আবেদনকারীকে তাঁর নিজ থানা/উপজেলার থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে জাতীয় যুব পুরস্কার ২০২৬ এর আবেদন দাখিল করতে হবে। থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে আবেদন দাখিলের সর্বশেষ সময় ০১.০৪.২০২৬খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত;
- (গ) একজন আবেদনকারীকে সফল আত্মকর্মী/ যুব সংগঠক যে কোন একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন; ইতিপূর্বে জাতীয় যুব পুরস্কার প্রাপ্তগণ পুনরায় আবেদন করতে পারবেন না।
- (ঘ) সফল আত্মকর্মী ক্যাটাগরিতে জাতীয় যুবনীতি ২০১৭ অনুযায়ী ১৮-৩৫ বছর বয়সের মধ্যে যুব উন্নয়ন অধিদপ্তর/জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট থেকে যে কোনো ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ পূর্বক উক্ত প্রশিক্ষণ ট্রেডের ওপর আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী হয়েছেন এমন যুবক এবং যুব নারীরা আবেদন করতে পারবেন। জাতীয় যুব পুরস্কারের জন্য আত্মকর্মীর বয়স ৪৫ বছর পর্যন্ত বিবেচনা করা হবে;
- (ঙ) যুব সংগঠক ক্যাটাগরিতে যুব উন্নয়ন অধিদপ্তর হতে নিবন্ধনকৃত/স্বীকৃতিপ্রাপ্ত যুব সংগঠনের সক্রিয় সদস্য হিসেবে যিনি সার্বিক যুব কার্যক্রমসহ বিভিন্ন সমাজসেবামূলক কর্মকান্ড বাস্তবায়নে উল্লেখযোগ্য ও অনুকরণীয় ভূমিকা পালন করেছেন এমন ২৫ থেকে ৪৫ বছর বয়সী যুব সংগঠকগণ আবেদন করতে পারবেন।
- (চ) কোনো ক্যাটাগরিতে প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতাসম্পন্ন প্রার্থী না পাওয়া গেলে সে ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হবে না;
- (ছ) ফৌজদারি মামলায় দণ্ডিত কোনো ব্যক্তি/সমাজ বা রাষ্ট্র বিরোধী বা আইন শৃঙ্খলা পরিপন্থী কাজে লিপ্ত কোনো ব্যক্তি/স্বর্ণখেলোপি কোনো ব্যক্তি এ পুরস্কারের আবেদনের জন্য বিবেচিত হবেন না।
- (জ) বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক/ট্রান্স জেন্ডার/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় কোনো আবেদনকারী আবেদন করলে সংশ্লিষ্ট কোটার সমর্থনে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন দাখিল করতে হবে।
- (ঝ) আবেদনের সাথে আবেদনকারীর সাফল্যের সংক্ষিপ্ত ইতিহাস (সর্বোচ্চ ২৫০ শব্দের মধ্যে) সফট কপি নিকস ফন্টে দাখিল করতে হবে।
- (ঞ) আবেদন ফরমে চাহিত সকল প্রমাণক (আবেদনকারীর সাফল্যের সংক্ষিপ্ত ইতিহাস, সনদপত্র, প্রত্যয়নপত্র, ছবি, ভিডিও, পেনড্রাইভ ও অন্যান্য তথ্যাদি) সংযুক্ত করতে হবে।
- (ট) কোনো বিষয়ে অস্পষ্টতা থাকলে যুব উন্নয়ন অধিদপ্তরের স্থানীয় উপপরিচালক/উপজেলা/ থানা যুব উন্নয়ন কর্মকর্তার সহায়তা গ্রহণ করতে পারেন।
- (ঠ) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

  
(মোঃ আঃ হামিদ খান)  
পরিচালক  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন উইং  
ফোন: ০২-২২৩৩৮৯১০